শেখ হাসিনার উদ্যোগ
ঘরে ঘরে বিদ্যুৎ

জেনারেল ম্যানেজারের কার্যালয়
নওহাটা, রাজশাহী।
ফোন- ৮৮-০২৪৭-৮০০১২০
E-mail- rajpbshq@gmail.com
Web- www.pbs.rajshahi.gov.bd

# রাজশাহী পল্লী বিদ্যুৎ সমিতি
# RAJSHAHI PALLI BIDYUT SAMITY

ISO 9001:2015 CERTIFIED

স্মারক নং- ২৭.১২.৮১৭২.৫৪৯.০১.০৩৬.২২. ৭৭৮৪

তারিখঃ ০৮ বৈশাখ, ১৪২৯ বং:
২১ এপ্রিল, ২০২২ খ্রি:

বিষয়ঃ "ট্রান্সফরমার তৈল(সেন্ট্রিফিউজ অযোগ্য)রিফাইন এর নিমিত্ত কোটেশন প্রদানের অনুরোধজ্ঞাপনপত্র (RFQ)।
নম্বরঃ (২২/২০২১-২০২২), তারিখঃ ২১/০৪/২০২২খ্রিঃ ।

প্রতি,

---------------------------------------------------------------------

---------------------------------------------------------------------

---------------------------------------------------------------------

রাজশাহী পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক নিম্নের বর্ণনা অনুযায়ী "ট্রান্সফরমার তৈল(সেন্ট্রিফিউজ অযোগ্য)রিফাইন এর নিমিত্ত "কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFQ)" পদ্ধতির মাধ্যমে বাংলাদেশের প্রকৃত পরিবহনকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে নিজস্ব লেটার হেড প্যাডে সীলমোহরকৃত খামে কোটেশন আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | মালামালের বিবরণ | পরিমাণ | একক মূল্য (টাকা) | মোট মূল্য (টাকা) |
|---|---|---|---|---|
| ০১ | ট্রান্সফরমার তৈল(সেন্ট্রিফিউজ অযোগ্য)রিফাইন | ২৫ব্যারেল | | |
| ০২ | সমিতি কর্তৃক প্রদত্ত ব্যারেলের (খালি ড্রাম)মূল্য | ২৫ ব্যারেল | | |
| ০৩ | আপনার প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত ব্যারেলের (খালি ড্রাম)মূল্য | ২০ ব্যারেল | | |
| | | মোট= | | |
| (কথায়) | | | | |

## শর্তাবলীঃ

০১. জেনারেল ম্যানেজার, রাজশাহী পল্লী বিদ্যুৎ সমিতি, নওহাটা, রাজশাহী এর অনুকূলে "ট্রান্সফরমার তৈল(সেন্ট্রিফিউজ অযোগ্য)রিফাইন" এর লক্ষ্যে প্রকৃত ব্যবসায়ী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে সিল মোহরকৃত খামে RFQ পদ্ধতিতে কোটেশন আহ্বান করা যাচ্ছে।

০২. কোটেশন দাখিল এবং পণ্য সরবরাহে কোনো জামানত যেমন, কোটেশন জামানত এবং কার্য-সম্পাদন জামানতের (যদি চুক্তি সম্পাদিত হয়) প্রয়োজন হবে না।

০৩. সিলমোহরকৃত খাম, আগামী **২৭-০৪-২০২২** খ্রিঃ তারিখ বেলা ১১.৩০ ঘটিকা-এ বা এর পূর্বে কোটেশন (ক) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃঅঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড সদর দপ্তর ভবন, জোয়ার সাহারা খিলক্ষেত, ঢাকা -১২২৯ ও (খ) রাজশাহী পল্লী বিদ্যুৎ সমিতি, নওহাটা, রাজশাহী এ দাখিল করতে হবে। কোটেশনের খামে "ট্রান্সফরমার তৈল(সেন্ট্রিফিউজ অযোগ্য)রিফাইন"এর জন্য কোটেশন এবং **২৭-০৪-২০২২ খ্রিঃ তারিখ বেলা ১১.৩৫**-এর আগে খোলা যাবে না" লিখে অবশ্যই সুস্পষ্টভাবে চিহ্নিত করতে হবে। উল্লিখিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন গ্রহণযোগ্য হবে না।

০৪. প্রাপ্ত দরপত্র সমূহ ২৭-০৪-২০২২ খ্রিঃ বেলা ১১.৩৫ সময় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকে) খোলা হবে। দরপত্র বিজ্ঞপ্তি অত্র পবিসে **Web-http://pbs.rajshahi.gov.bd** এ দেখা যাবে।

০৫. রিফাইনকৃত তেলের গুনগত মান কমপক্ষে ০১(এক) বৎসর গ্রহণযোগ্য পর্যায়ে থাকতে হবে।

০৬. কোটেশন দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে প্রাপ্ত কোটেশন সমূহ ক্রমিক নং ৩ এ বর্ণিত স্থান সমূহে যথাযথ কর্তৃপক্ষের ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক দরপত্র উন্মুক্ত করা হবে।

০৭. প্রাপ্ত দরপত্র যথাযথভাবে মূল্যায়নের পর সফল দরদাতা প্রতিষ্ঠানের অনুকূলে কার্যাদেশ প্রদান করা হবে। কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে বর্ণিত পরিমাণ ট্রান্সফরমার অয়েল সমিতি স্টোর থেকে নিজ ব্যয়ে গ্রহণ করত: রিফাইন কাজ সম্পন্ন করে নিজ ব্যয়ে রাজশাহী পল্লী বিদ্যুৎ সমিতি, নওহাটা, রাজশাহীতে পৌছাতে হবে।

০৮. দর টাকায় উদ্ধৃত করতে হবে এবং এ চুক্তির অধীন পরবর্তীতে মুল্য পরিশোধও টাকায় করা হবে। কোটেশনদাতার প্রস্তাবিত মূল্য, যদি গৃহীত হয়, তবে তা চুক্তিকালীন সময়ে স্থির অংকে থাকবে।

০৯. কোটেশনদাতার চুক্তি করার আইনগত সক্ষমতা থাকতে হবে। কোটেশনদাতার যোগ্যতার প্রমাণস্বরূপ বৈধ ট্রেড লাইসেন্স, টিআইএন নম্বর ও ভ্যাট নিবন্ধন নম্বর এর সত্যায়িত অনুলিপি এবং কোনো তফসিলি ব্যাংক থেকে আর্থিক সচ্ছলতার সনদ দাখিল করতে হবে। এগুলো ব্যতীত কোটেশন অগ্রহণযোগ্য বলে বিবেচিত হতে পারে।

১০. মূল্যায়ন কমিটি কোটেশনের সঙ্গে দাখিলকৃত তথ্য ও দলিলপত্রের ভিত্তিতে কোটেশন মূল্যায়ন করবে। চুক্তি সম্পাদনের জন্য সর্বনিম্ন মূল্যায়িত গ্রহণযোগ্য কোটেশন নির্ধারণের ক্ষেত্রে কমপক্ষে ৩(তিন)টি গ্রহণযোগ্য কোটেশনের প্রয়োজন হবে।

১১. উদ্ধৃত একক দর এবং মূল্যের মধ্যে অসঙ্গতি থাকলে একক দর প্রাধান্য পাবে। কথায় এবং সংখ্যার মধ্যে অসঙ্গতির ক্ষেত্রে কথায় উদ্ধৃত দর/মূল্য প্রাধান্য পাবে। মূল্যায়ন কমিটি কর্তৃক নির্ণিত গাণিতিক সংশোধন গ্রহণে কোটেশনদাতা বাধ্য থাকবে।

১২. ২৫টি ড্রামসহ ট্রান্সফরমার অয়েল সমিতির ইস্যু ভাউচারের মাধ্যমে গ্রহণ করতে হবে এবং রিফাইন শেষে ৫১২৫লিটারের ৮০% অর্থাৎ ৪১০০লিটার (২০ ব্যারেল)অয়েল ড্রাম সহ জমা দিতে হবে।

১৩. কার্যাদেশে উল্লিখিত সময়ের মধ্যে "ট্রান্সফরমার তৈল(সেন্ট্রিফিউজ অযোগ্য)রিফাইন" কাজ সমাপ্ত করতে ব্যর্থ হলে প্রতিদিনের বিলম্বের জন্য কার্যাদেশে উল্লেখিত মোট মূল্যের ১% এর $\frac{১}{১৫}$ অংশ হিসাবে কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট মূল্যের ১০% এর অধিক হবে না।

১৪. রিফাইনকৃত ট্রান্সফরমার অয়েলের পরিমান ৪১০০লিটারের কম হলে কম সরবরাকৃত অয়েলের মূল্য প্রতি লিটার ২৩০.০০টাকা হারে দাখিলকৃত বিল হতে কর্তন করা হবে।

১৫. সন্তোষজনকভাবে বর্ণিত কাজ সম্পাদন করা হলে চালান ও বিল দাখিল সাপেক্ষে ডিজিএম(সদর-কারিগরি) ও এজিএম(ইএন্ডসি) এর প্রত্যয়নের পর হিসাবের খাতে প্রদেয় চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।

১৬. আপনার প্রতিষ্ঠান কর্তক প্রদত্ত তেল সমিতিতে আসার পর আপনার প্রতিনিধি, সমিতির প্রতিনিধি ও সিস্টেম অপারেশন বাপবিবো, রাজশাহীর উপস্থিতিতে রাজশাহী সিস্টেম অপারেশন কর্তৃক টেস্ট করতে হবে।

১৭. দাখিলকৃত বিল হতে সরকারি নিয়মানুযায়ী ভ্যাট ও আয়কর কর্তন করা হবে।

১৮. রাজশাহী পল্লী বিদ্যুৎ সমিতির কর্তৃপক্ষ সকল কোটেশন বা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

১৯. দরপত্র দলিলে উল্লেখ নেই এমন কোন বিষয়ে সমস্যার উদ্ভব হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

২৭/৪/২২

(প্রকৌঃ মোঃ একরামুল হক)
জেনারেল ম্যানেজার
রাজশাহী পল্লী বিদ্যুৎ সমিতি
নওহাটা, রাজশাহী।

অনুলিপিঃ (বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ, জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃঅঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, (আইসিটি) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা (ওয়েব সাইডে দেওয়ার অনুরোধ সহ)
০৩। জেলা প্রশাসক, রাজশাহী।
০৪। পুলিশ সুপার, রাজশাহী।
০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার -------------------------পবিস-১/২/৩/৪।
০৬। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, রাজশাহী।
০৭। নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, রাজশাহী।
০৮। উপজেলা নির্বাহী অফিসার, পবা, রাজশাহী।
০৯। এজিএম (অর্থ-হিসাব), রাজশাহী পবিস।
১০। নোটিশ বোর্ড, রাজশাহী পবিস।
১১। **Web-http://pbs.rajshahi.gov.bd** (JE –IT/AJE-IT ওয়েব সাইটে প্রকাশ করবেন)।
১২। অফিস/মাস্টার কপি।